গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
ভৈরব, কিশোরগঞ্জ।
bhairab@dyd.gov.bd

স্মারক নং ঃ- ৩৪.০১.৪৮১১.০০০.৩৭.১২১(১).২০১৯-৫৯ তারিখ ঃ- ০১/০৬/২০২৩খ্রিঃ

# বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তরাধীন"টেকনোলজি এমপাওয়ারমেন্ট সেন্টার অন হুইলস ফর আন্ডার প্রিভিলেজড রুরাল ইয়াং পিপল অব বাংলাদেশ ( টেকাব ২য় পর্যায়) শীর্ষক প্রকল্পের আওতায় ভ্রাম্যমান আইসিটি ট্রেনিং ভ্যানের মাধ্যমে কম্পিউটার ও নেটওয়ার্কিং বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে। এ উপলক্ষ্যে কিশোরগঞ্জ জেলার ভৈরব উপজেলায় বসবাসরত ১৮ থেকে ৩৫ বছর বয়সী কমপক্ষে এইচ.এস.সি / সমমান পাশ বেকার যুবক এবং এস.এস.সি / সমমান পাশ বেকার যুব নারীদের জন্যে আগামী জুলাই/২০২৩ থেকে আগষ্ট/২০২৩ পর্যন্ত ০২ (দুই) মাসে সর্বমোট ৪৪ টি কার্য দিবসে উপজেলা পরিষদ চত্বরে প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে।তৎপ্রেক্ষিতে আগ্রহী প্রশিক্ষণার্থীদেরকে আবেদনপত্র আগামী ১২/০৬/২০২৩খ্রিঃ মধ্যে অফিস চলাকালীন সময়ে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, ভৈরব, কিশোরগঞ্জ জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

**সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষাঃ ১৪/০৬/২০২৩খ্রি.সময়ঃ ১০:০০ ঘটিকায়, স্থানঃ উপজেলা পরিষদ হল রুম।**

প্রশিক্ষণের সুবিধাদিঃ
১। প্রশিক্ষণার্থীর সংখ্যা ৪০ জন। প্রশিক্ষণ ২ শিফটে অর্থাৎ ১ম শিফট প্রতি দিন সকাল ৯:০০ টা হতে দুপুর ১:০০ টা পর্যন্ত। ২য় শিফট দুপুর ১:৩০ টা হতে ৫:৩০ মিনিট পর্যন্ত ২০ জন করে প্রশিক্ষণ গ্রহণ করবে।
২। প্রতি ব্যাচে ২০ জন যুবক ও ২০ জন যুব নারীকে প্রশিক্ষণ প্রদান করা হবে।
৩। প্রশিক্ষণটি তাত্তিক ও ব্যবহারিক দুই ভাগে বিভক্ত থাকবে। প্রশিক্ষণার্থীদের পারফরমেন্স প্রতি সপ্তাহে লিখিত ও ব্যবহারিক পরীক্ষার মাধ্যমে মূল্যায়ন পরীক্ষার সম্বন্বিত ফলাফলের ভিত্তিতে প্রশিক্ষণার্থীদের চূড়ান্ত পারফরমেন্স নির্ধারণ করে উত্তীর্ণ প্রশিক্ষণার্থীগণকে প্রশিক্ষণ সমাপনীর দিন সনদপত্র প্রদান করা হবে।
৪। প্রশিক্ষণে অংশ গ্রহণকারীদের উপস্থিত কালীন প্রতি কর্ম দিবসে জন প্রতি ২০০/- (দুইশত) টাকা করে প্রশিক্ষণ ভাতা/যাতায়ত ভাতা প্রদান করা হবে।

সংযুক্তিঃ আবেদন ফরম ০১ (এক) ফর্দ।

০১.০৬.২৩
(মোহাম্মদ সাদিকুর রহমান সবুজ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
প্রশিক্ষণার্থী যাচাই-বাছাই নির্বাচন কমিটি
টেকাব ২য় পর্যায় শীর্ষক প্রকল্প
ভৈরব,কিশোরগঞ্জ।

স্মারক নং ঃ- ৩৪.০১.৪৮১১.০০০.৩৭.১২১(১).২০১৯-৫৯ তারিখ ঃ- ০১/০৬/২০২৩খ্রিঃ
অনুলিপি/সদয় অবগতি ও কার্যার্থেঃ
১। মাননীয় সংসদ সদস্য, কিশোরগঞ্জ- ০৪।
২। প্রকল্প পরিচালক, টেকাব ২য় পর্যায় প্রকল্প,যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভৈরব,কিশোরগঞ্জ।
৪। উপজেলা নির্বাহী অফিসার, ভৈরব,কিশোরগঞ্জ।
৫। চেয়ারম্যান.....................ইউপি (সকল),ভৈরব, কিশোরগঞ্জ,
৬। অফিস কপি/ নোটিশবোর্ড।

০১.০৬.২৩
(মোহাম্মদ সাদিকুর রহমান সবুজ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
প্রশিক্ষণার্থী যাচাই-বাছাই নির্বাচন কমিটি
টেকাব ২য় পর্যায় শীর্ষক প্রকল্প
ভৈরব,কিশোরগঞ্জ।

# টেকাব ২য় পর্ব প্রকল্পের কম্পিউটার প্রশিক্ষণ কোর্সে ভর্তির আবেদন ফরম

ক্রমিক নং-------

কোর্সের নামঃ কম্পিউটার বেসিক ও নেটওয়ারকিং বিষয়ক কোর্স

বরাবর
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
উপজেলাঃ--------------------------
জেলাঃ----------------------------- ।

বিষয়ঃ কম্পিউটার বেসিক ও নেটওয়ারকিং কোর্সে ভর্তির আবেদন।

মহোদয়,

যথাযথ সম্মানপূর্বক সবিনয় নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী একজন বেকার যুবক। বিগত ------ তারিখে পত্রিকায়/স্থানীয়ভাবে বিজ্ঞপ্তি মাধ্যমে যুব উন্নয়ন অধিদপ্তরের আওতায় কম্পিউটার বেসিক ও নেটওয়ারকিং কোর্সে প্রশিক্ষণ গ্রহণ করতে ইচ্ছুক। আমার জীবনবৃত্তান্ত এবং শিক্ষাগত যোগ্যতার বিবরণ নিম্নরূপঃ

| | | | |
|---|---|---|---|
| ০১ | নাম (বাংলা) | ঃ | |
| | (ইংরেজী) | ঃ | |
| ০২ | পিতার নাম (বাংলা) | ঃ | |
| | (ইংরেজী) | ঃ | |
| ০৩ | পিতার জাতীয় পরিচয়পত্র নম্বর | ঃ | |
| ০৪ | মাতা নাম (বাংলা) | ঃ | |
| | ইংরেজী | ঃ | |
| ০৫ | মাতার জাতীয় পরিচয়পত্র নম্বর | ঃ | |
| ০৬ | জন্ম তারিখ | ঃ | |
| ০৭ | বিজ্ঞপ্তি প্রদানের তারিখে বয়স | ঃ | |
| ০৮ | জাতীয় পরিচয়পত্র নম্বর | ঃ | |
| ০৯ | জন্ম নিবন্ধন নম্বর | ঃ | |
| ১০ | বর্তমান ঠিকানা | ঃ | |
| ১১ | স্থায়ী ঠিকানা | ঃ | |
| ১২ | সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতা ও পাশের সন | ঃ | |
| ১৩ | ধর্ম | ঃ | |
| ১৪ | জেন্ডার | ঃ | |
| ১৫ | মোবাইল নম্বর | ঃ | |
| ১৬ | Whats app mobile number | ঃ | |
| ১৭ | facebook ID (যদি থাকে) | ঃ | |
| ১৮ | ই-মেইল ঠিকানা | ঃ | |
| ১৯ | বিকল্প মোবাইল/যোগাযোগ নম্বর | ঃ | |
| ২০ | ইতঃপূর্বে গৃহীত প্রশিক্ষণ (যদি থাকে) | ঃ | |

আবেদনের সাথে দাখিলকৃত কাগজাদি (টিক চিহ্ন দাও)ঃ

| জাতীয় পরিচয়পত্র | জন্ম সনদ | নাগরিকত্ব সনদ | শিক্ষাগত যোগ্যতা সনদ |
|---|---|---|---|
| | | | |

আমি এই মর্মে প্রত্যয়ন করছি যে, আমি একজন বেকার। ফরমে বর্ণিত সকল তথ্যাদি সঠিক। আমি প্রশিক্ষণের সকল নিয়মাবলী মেনে চলতে বাধ্য থাকব। অতএব, উপরোক্ত তথ্যাদি বিবেচনায় আমাকে কম্পিউটার বেসিক ও নেটওয়ারকিং কোর্সে প্রশিক্ষণ গ্রহণে সুযোগ দানে বাধিত করবেন।

বিনীত নিবেদন
স্বাক্ষরঃ
নামঃ
তারিখঃ